

জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরেবাংলা নগর ঢাকা-১২০৭

তারিখঃ ২৪ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

প্রবাসী বাংলাদেশী করদাতাগণের জন্য ই-মেইলে OTP প্রেরণের ব্যবস্থা চালু

জাতীয় রাজস্ব বোর্ড বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতাগণের ই-রিটার্ন দাখিলের সুবিধার্থে মোবাইল ফোনের পরিবর্তে তাঁদের নিজস্ব ই-মেইলে OTP প্রেরণের মাধ্যমে Special registration এর ব্যবস্থা গ্রহণ করেছে।

যেসকল করদাতা বায়োমেট্রিক পদ্ধতিতে রেজিস্ট্রেশনকৃত মোবাইল ফোন ব্যবহার করে ই-রিটার্ন সিস্টেমে নিবন্ধিত হয়েছেন কিন্তু বর্তমানে বিদেশে অবস্থান করছেন বিধায় মোবাইল OTP ব্যবহার করে পাসওয়ার্ড রিসেট করতে পারছেন না, তাদের জন্য জাতীয় রাজস্ব বোর্ড সম্প্রতি ই-মেইল ভেরিফিকেশন পদ্ধতি চালু করেছে। এক্ষেত্রে বিদেশে অবস্থানরত বাংলাদেশী করদাতার পরিচিতি নিশ্চিত করার জন্য তাঁর পাসপোর্ট, জাতীয় পরিচয় পত্র ও ভিসা পেজের কপি, বিদেশের ঠিকানা, বিদেশে ব্যবহৃত করদাতার মোবাইল/ফোন নম্বর ও বাংলাদেশ ত্যাগের সর্বশেষ তারিখের তথ্যসহ নিজ ই-মেইল হতে ereturn@etaxnbr.gov.bd ই-মেইলে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ই-মেইল ভেরিফিকেশনের জন্য আবেদন করতে হবে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উক্ত আবেদন পরীক্ষান্তে তাঁর তথ্য যাচাই করে ই-মেইল ভেরিফাই করলে করদাতা ভেরিফাইড ই-মেইলের মাধ্যমে প্রাপ্ত OTP ব্যবহার করে পাসওয়ার্ড রিসেটসহ রেজিস্ট্রেশন এবং ই-রিটার্ন দাখিল সংক্রান্ত অন্যান্য কাজ সহজেই করতে পারবেন।

অনলাইনে ই-রিটার্ন দাখিল পদ্ধতি সহজতর হওয়ায় ২০২৫-২৬ করবর্ষে সম্মানিত করদাতাগণ বিপুল সাড়া দিয়ে এ পর্যন্ত প্রায় ৩৯ লক্ষ আয়কর রিটার্ন অনলাইনে দাখিল করেছেন। জাতীয় রাজস্ব বোর্ড সকল সম্মানিত ব্যক্তি করদাতাগণকে ই-রিটার্ন সিস্টেম ব্যবহার করে আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে ২০২৫-২০২৬ করবর্ষের আয়কর রিটার্ন দাখিলের জন্য বিনীত অনুরোধ করছে।

-জাতীয় রাজস্ব বোর্ড